দৈনিক
ইত্তেফাক

তারিখ 02 NOV 2017
পৃষ্ঠা ৬ কলাম ২

# 'বিএসএমএমইউয়ে উচ্চশিক্ষার বিশ্বমান নিশ্চিত করা হবে'

■ ইত্তেফাক রিপোর্ট

বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের (বিএসএমএমইউ) উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খান বলেছেন, বর্তমান প্রশাসনের নেতৃত্বে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ে চিকিৎসার সকল বিষয়ে উচ্চশিক্ষার ক্ষেত্রে বিশ্বমান নিশ্চিত করা হবে।

গতকাল বুধবার সকালে বি ব্লকের ডা. মিল্টন হলে ইনস্টিটিউশনাল কোয়ালিটি এ্যাসুরেন্স সেল (আইকিউএসি)'এর উদ্যোগে 'ন্যাশনাল কোয়ালিফিকেশন ফ্রেমওয়ার্ক' শীর্ষক কর্মশালায় সভাপতির বক্তব্যে তিনি এ কথা বলেন। কর্মশালায় টেকনিক্যাল সেশনে প্রধান বক্তা ছিলেন আইকিউএসি-এর পরিচালক অধ্যাপক ডা. মোঃ শফিকুল ইসলাম। সূচনা বক্তব্য রাখেন আইকিউএসি-এর সদস্য সচিব ডা. হরষিত কুমার পাল। কর্মশালায় দেশে বিদ্যমান উচ্চ শিক্ষায় বিভিন্ন ডিগ্রি অর্জনের ধরন, সময়সীমা, চিকিৎসা শিক্ষায় উচ্চ শিক্ষা অর্জনের ধরন, সময়সীমা, গুণগত মানের সাথে সাথে বিশ্বের বিভিন্ন দেশের চিকিৎসা বিজ্ঞানের বিভিন্ন বিষয়ে উচ্চশিক্ষায় বিভিন্ন ডিগ্রি অর্জনের প্রাসঙ্গিক বিষয়সমূহ নিয়ে আলোচনা করা হয়।

**অ্যাওয়ার্ড পেলেন উপ-উপাচার্য অধ্যাপক ডা. শহীদুল্লাহ সিকদার**

এদিকে বাংলাদেশ এডুকেশন লিডারশিপ এ্যাওয়ার্ড পেয়েছেন দেশের বিশিষ্ট চর্মরোগ বিশেষজ্ঞ বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য (গবেষণা ও উন্নয়ন) অধ্যাপক ডা. মোঃ শহীদুল্লাহ সিকদার। সম্প্রতি রাজধানীর একটি হোটেলে 'দক্ষিণ এশিয়ার অংশীদারিত্ব' শীর্ষক এক সম্মেলনে গুরুত্বপূর্ণ এ এ্যাওয়ার্ড তুলে দেন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক। সিঙ্গাপুরভিত্তিক প্রতিষ্ঠান 'সিএমও-এশিয়া' এবং 'ওয়ার্ল্ড এডুকেশন কংগ্রেস' এ অনুষ্ঠানের আয়োজন করে।